

## শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে বৃক্ষরোপন কর্মসূচি পালন



১৮ অক্টোবর উদযাপিত হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট ভাই শেখ রাসেলের ৫৮তম জন্মদিন। এই উপলক্ষে ১৯ অক্টোবর ২০২১-মঙ্গলবার বাংলাদেশ ছাত্রলীগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের বোটানিক্যাল গার্ডেনে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং প্রক্টর সহ বাংলাদেশ ছাত্রলীগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।